গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
পোঃ কোড- ৫২৬০
*www.fulbari.dinajpur.gov.bd*

**বিষয় : উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মীর মোঃ আল কামাহ্ তমাল<br>উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |
| সভার স্থান | : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর। |
| আলোচ্য মাস | : আগস্ট/২০২৩ |
| তারিখ | : ১১/০৯/২০২৩ খ্রিঃ। |
| **সময়** | : সকাল ১০.৩০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।
অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'খ'।

উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর সভাপতি কর্তৃক গত মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধন/সংযোজন না থাকায় গত সভার কার্যবিবরণী অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২) আলোচ্য সূচী : উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ও সংঘটিত অপরাধ সংক্রান্ত বিবরণী নিয়ে সভায় আলোচনা করা হয়। এ উপজেলায় আগস্ট/২০২৩ মাসে নিম্নবর্ণিত অপরাধ সমূহ সংঘটিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়।

<u>দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলার আগস্ট/২০২৩ মাসের অপরাধ চিত্রের বিবরণী:</u>

| মাসের নাম | সড়ক দুর্ঘটনা | খুন | ডাকাতি | রাহাজানি | অস্ত্র আইন | চুরি | গরু চুরি | সিঁধেল চুরি | নারী ও শিশু নির্যাতন | পুলিশ আক্রান্ত | দাঙ্গা | অপহরণ | মাদক দ্রব্য | চোরা চালান | ধর্ষণ | অন্যান্য মামলা | আইন শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) | জঙ্গী কার্য ক্রম | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আগস্ট/২০২৩ | - | - | - | - | - | ০২ | - | - | ০১ | - | - | ০১ | ০৯ | - | ০১ | ১৪ | - | - | ২৮ |
| জুলাই/২০২৩ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | ১১ | - | ০২ | ১১ | - | - | ২৪ |

মোবাইল কোর্ট প্রতিবেদন আগস্ট/২০২৩:

| পক্ষ | মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা | মামলার সংখ্যা | মামলার রায় | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | শাস্তি | | অব্যাহতি | |
| | | | কারাদন্ড | অর্থদন্ড | | |
| বিবেচ্য পক্ষ | ০১ | ০১ | - | ০১ | - | ২৫,০০০/- টাকা জরিমানা |
| গত পক্ষ | ০৩ | ০৩ | - | ০৩ | - | ১,২৫,২০০/- টাকা জরিমানা |
| হ্রাস/বৃদ্ধি | হ্রাস | হ্রাস | - | হ্রাস | - | হ্রাস |

জুলাই/২০২৩ মাসে ধর্ষণ ০২টি, মাদক ১১টি ও অন্যান্য ১১টি মোট ২৪টি এবং আগস্ট/২০২৩ মাসে চুরি ০১, নারী ও শিশু নির্যাতন ০১টি অপহরণ ০১টি, মাদকদ্রব্য ০৯টি, ধর্ষণ ০১টি ও অন্যান্য ১৪টি মোট ২৮টি মামলা দায়ের হয়। গত মাস অপেক্ষা আলোচ্য মাসে মামলার সংখ্যা সামান্য বৃদ্ধি পেলেও আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে মর্মে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এরই ধারাবাহিকতায় আলোচ্য মাসে দায়েরকৃত গুরুতর মামলাগুলি সরেজমিনে তদন্ত করে সত্যতা যাচাই অন্তে অভিযুক্তদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা এর উপস্থিত প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়। সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.০১ | গুরুতর অপরাধসহ অন্যান্য অপরাধমূলক কার্যক্রম যাতে সংঘটিত হতে না পারে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.০২ | আলোচ্য মাসে থানায় দায়েরকৃত চুরি, নারী ও নির্যাতন, অপহরণ, ধর্ষণ, মাদক এবং অন্যান্য গুরুতর মামলাগুলি সরেজমিন তদন্ত কার্যক্রম পরিচালনা করে সত্যতা উদঘাটন করে অপরাধীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২.০৩ | থানায় পূর্বের দায়েরকৃত মামলাগুলো যথাযথভাবে তদন্ত করে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন সংশ্লিষ্ট বিজ্ঞ আদালতে দাখিল নিশ্চিত করবেন। | |

আগস্ট/২০২৩ মাসের ইউনিয়ন পরিষদসমূহের গ্রাম আদালত সম্পর্কিত তথ্য:

| ক্রঃ নং | ইউনিয়ন ভিত্তিক গ্রাম আদালতের নাম | পূর্ববর্তী মাসের মামলার জের | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিস্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১) | ১ নং এলুয়াড়ী ইউপি গ্রাম আদালত ফুলবাড়ী, দিনাজপুর | - | ০২ | ০২ | ০২ | - | - |
| ২) | ২ নং আলাদীপুর ইউপি গ্রাম আদালত, ফুলবাড়ী, দিনাজপুর | - | ০২ | ০২ | - | ০২ | - |
| ৩) | ৩ নং কাজিহাল ইউপি গ্রাম আদালত ফুলবাড়ী, দিনাজপুর | - | ০২ | ০২ | ০২ | - | - |
| ৪) | ৪ নং বেতাদিঘী ইউপি গ্রাম আদালত, ফুলবাড়ী, দিনাজপুর | - | ০৩ | ০৩ | ০৩ | - | - |
| ৫) | ৫ নং খয়েরবাড়ী ইউপি গ্রাম আদালত ফুলবাড়ী, দিনাজপুর | - | ০১ | ০১ | ০১ | - | - |
| ৬) | ৬ নং দৌলতপুর ইউপি গ্রাম আদালত ফুলবাড়ী, দিনাজপুর | ০২ | ০৩ | ০৫ | ০৩ | ০২ | - |
| ৭) | ৭ নং শিবনগর ইউপি গ্রাম আদালত ফুলবাড়ী, দিনাজপুর | - | ০২ | ০২ | ০২ | - | - |
| | সর্বমোট | ০২ | ১৫ | ১৭ | ১৩ | ০৪ | - |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| গত মাস অপেক্ষা আলোচ্য মাসে অপরাধের হার সামান্য বৃদ্ধি পেলেও বর্তমানে এ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে মর্মে সভায় জানানো হয়। কোন চিহ্নিত মাদক ব্যবসায়ীর তথ্য পেলে সে বিষয়ে তৎক্ষণাৎ আইন-শৃঙ্খলা কমিটির নিকট জানানোর জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়। এছাড়া চিহ্নিত মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণের এবং সকল ইউনিয়নে আদিবাসী গ্রামগুলোতে মাদক বিরোধী অভিযান পরিচালনার জন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুরকে অনুরোধ জানানো হয়। ফুলবাড়ী সরকারি কলেজ শহীদ মিনারে নেশার আড্ডা না চলে সেজন্য শহীদ মিনারের পার্শ্বে সতর্কতামূলক সাইনবোর্ড স্থাপনসহ কলেজ কর্তৃপক্ষকে সজাগ দৃষ্টি রাখার জন্য এবং যখন নেশার আড্ডা চলবে তৎক্ষণাৎ বিষয়টি অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। এছাড়াও । এছাড়াও পৌরসভার ময়লা-আবর্জনা ফেলার জন্য একটি সুনির্দিষ্ট স্থান নির্ধারণ করার জন্য মেয়র, ফুলবাড়ী পৌরসভাকে অনুরোধ জানানো হয়। উপজেলা ভূমি অফিসের পার্শ্বে ড্রেন ময়লা-আবর্জনায় পরিপূর্ণ হওয়ায় পরিস্কার-পরিচ্ছন্ন করার নিমিত্ত মেয়র, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুরকে অনুরোধ করা হয়।<br>ফুলবাড়ী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক সভায় বলেন যে, উর্বশী সিনেমা হলের সামনে বাস দাঁড়ানোর জন্য ব্যাপক যানজট সৃষ্টি হয় । উক্ত বিষয়টি সুরাহার নিমিত্ত পৌরসভা, বাস মালিক সমিতি, থানা এবং সাংবাদিকবৃন্দসহ একটি সভা আহবানের জন্য অনুরোধ করা হয়।<br>চেয়ারম্যান, ১নং এলুয়াড়ী ইউপি সভায় বলেন তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br>চেয়ারম্যান, ৩নং কাজিহাল ইউপি সভায় বলেন তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে তিনি বলেন যে, গ্রাম পুলিশগণ (দফাদার ও মহল্লাদার) ইউনিয়ন পরিষদে সঠিকভাবে দায়িত্ব পালন করেনা। ইউনিয়ন পরিষদের যে কোন কাজে গ্রাম পুলিশগণকে (দফাদার ও মহল্লাদার) স্ব-স্ব ইউপিতে বাধ্যতামূলকভাবে দায়িত্ব পালন করতে হবে মর্মে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়। কোন গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) দায়িত্ব পালনে অবহেলা করলে বিষয়টি তৎক্ষণাৎ লিখিতভাবে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভাপতি মহোদয়কে জানানোর জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগকে অনুরোধ করা হয়। | ১) ফুলবাড়ী সরকারি কলেজ শহীদ মিনারে নেশার আড্ডা না চলে সেজন্য শহীদ মিনারের পার্শ্বে সতর্কতামূলক সাইনবোর্ড স্থাপনসহ কলেজ কর্তৃপক্ষকে সজাগ দৃষ্টি রাখাতে এবং যখন নেশার আড্ডা চলবে তৎক্ষণাৎ বিষয়টি অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে অবহিত করতে হবে।<br>২) সকল ইউনিয়নের আদিবাসী গ্রামগুলোতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) পৌরসভার ময়লা-আবর্জনা ফেলার জন্য একটি সুনির্দিষ্ট স্থান নির্ধারণ করতে হবে।।<br>৪) উর্বশী সিনেমা হলের সামনে বাস দাঁড়ানোর ফলে সৃষ্ট যানজট নিরসনের নিমিত্ত পৌরসভা, বাস মালিক সমিতি, থানা এবং সাংবাদিকবৃন্দসহ একটি সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫) উপজেলা ভূমি অফিসের পার্শ্বে ড্রেন ময়লা-আবর্জনায় পরিপূর্ণ হওয়ায় পরিস্কার-পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) ক) অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারি কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর।<br>খ) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।<br>২) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।<br>৩) মেয়র, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর।<br>৪) ক) উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।<br>খ) মেয়র, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর।<br>৫) মেয়র, ফুলবাড়ী পৌরসভা, দিনাজপুর। |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| চেয়ারম্যান, ৪নং বেতদিঘী ইউপি সভায় বলেন তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে দৌলতপুর ইউপি চেয়ারম্যানকে লাঞ্চিতকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তি প্রদানের জন্য অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, ৬নং দৌলতপুর ইউপি সভায় বলেন তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে তিনি বলেন যে, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর ও দৌলতপুর ইউপি চেয়ারম্যান উপজেলায় যৌথভাবে একটি সালিশ করলে উক্ত সালিশকে কেন্দ্র করে ১) মোঃ সুলতান মাহমুদ, পিতা-মোঃ হাছান মাস্টার ও ২) প্লোটো, পিতা- মোঃ সুলতান মাহমুদ উভয় সাং মাদিলা হাট, বেতদিঘী, ফুলবাড়ী, দিনাজপুর এই দুই ব্যক্তি সালিশকে অমান্য করে দৌলতপুর ইউপি চেয়ারম্যানকে লাঞ্চিত করে এবং সামুরাই দিয়ে মেরে ফেলার হুমকি দেয়। বর্ণিত ব্যক্তিদ্বয়কে আইনের আওতায় এনে কঠোর শাস্তি প্রদানের জন্য তিনি সভাপতির মাধ্যমে অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, ৭নং শিবনগর ইউপি সভায় বলেন তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br>অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান আগস্ট/২০২৩ মাসে চুরি ০১, নারী ও শিশু নির্যাতন ০১টি অপহরণ ০১টি, মাদকদ্রব্য ০৯টি, ধর্ষণ ০১টি ও অন্যান্য ১৪টি মোট ২৮টি মামলা দায়ের হয়। অতঃপর তিনি এ উপজেলা হতে মাদক নির্মূল করতে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন মাদকের বিরুদ্ধে পুলিশ বাহিনী কঠোর অবস্থানে রয়েছে এবং অভিযান পরিচালনা অব্যাহত থাকবে। আইন শৃঙ্খলা পরিস্থিতির যাতে কোন রকম অবনতি না ঘটে, সেজন্য পুলিশ সর্বত্র সজাগ দৃষ্টি রাখছে বলে তিনি সভায় জানান। | ৫) ইউনিয়ন পরিষদের যে কোন কাজে গ্রাম পুলিশগণকে (দফাদার ও মহল্লাদার) স্ব-স্ব ইউপিতে বাধ্যতামূলকভাবে দায়িত্ব পালন করতে হবে এবং দায়িত্ব পালনে অবহেলা করলে বিষয়টি তৎক্ষণাৎ লিখিতভাবে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভাপতি মহোদয়কে জানাতে হবে।<br><br>৬) দৌলতপুর ইউপি চেয়ারম্যাকে লাঞ্চিতকারী ও সামুরাই দিয়ে মেরে ফেলার হুমকি প্রদানকারী ১) মোঃ সুলতান মাহমুদ, পিতা-মোঃ হাছান মাস্টার ও ২) প্লোটো, পিতা- মোঃ সুলতান মাহমুদ উভয় সাং মাদিলা হাট, বেতদিঘী, ফুলবাড়ী, দিনাজপুর এর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৫) ক) উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।<br>খ) চেয়ারম্যান, সকল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>৬) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| অধিনায়ক, ২৯ বিজিবি, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি সভায় জানান বর্তমানে বর্ডার এলাকার পরিস্থিতি ভাল রয়েছে। আগস্ট/২০২৩ মাসে ৯,৬১,২০০/- টাকার মালামাল আটক করা হয়। এক্ষেত্রে আটককৃত আসামীর সংখ্যা ০২ জন কোন মামলা দায়ের হয়নি। এছাড়াও প্রতিমাসে বিজিবি ও পুলিশের সাথে সমন্বয়ে টাস্কফোর্স অভিযান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। অতঃপর মাদক ও চোরাচালানের সাথে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করতে ইউপি চেয়ারম্যানগণ যাতে প্রয়োজনীয় সহযোগিতা করেন সেজন্য তিনি সভাপতির মাধ্যমে অনুরোধ জানান। সীমান্ত এলাকার পরিস্থিতি ভাল থাকলেও সীমান্ত পথে যাতে কোন মাদক দ্রব্য এদেশে না আসে সেজন্য বিজিবি এবং সীমান্তবর্তী ইউপির গ্রাম পুলিশ যেন সর্বত্র সতর্কতা অবলম্বন করার জন্য তিনি অধিনায়ক, ২৯ বিজিবি, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি এবং সীমান্তবর্তী ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>অতঃপর ইভটিজিং ও মাদকের বিষয়ে কোন তথ্য জানা থাকলে তা তাৎক্ষণিকভাবে সভাপতি অথবা অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে অবহিত করার জন্য সদস্যগণকে অনুরোধ জানানো হয়। পৌর এলাকায় মাদকের প্রবণতা রোধে ওয়ার্ড কমিশনারগণকে তৎপর থাকাতে নির্দেশনা প্রদান করা হয়। অতঃপর জুম্মার নামাযের খুতবার সময় সন্ত্রাস ও জঙ্গী নিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ এবং মাদকের বিষয়ে আলোচনা অব্যাহত রাখার জন্য পৌর মেয়র, সকল ইউপি চেয়ারম্যান ও ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ফুলবাড়ী, দিনাজপুর-কে অনুরোধ জানানো হয়। এক্ষেত্রে পৌরসভা ও ইউনিয়ন ভিত্তিক ট্যাগ অফিষার নিয়োগের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া তিনি প্রতিটি ইউনিয়নের সকল আদিবাসী গ্রামে মাদক বিরোধী পুলিশি অভিযান পরিচালনার জন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর-কে অনুরোধ জানানো হয়। অতঃপর আইন-শৃঙ্খলা রক্ষার্থে সংশ্লিষ্ট সকলেই আন্তরিকভাবে সহযোগিতা করলে ফুলবাড়ী উপজেলা একটি চমৎকার উপজেলায় পরিণত হবে মর্মে আশীর্বাদ ব্যক্ত করা হয়। | ৭) জুম্মার নামাযের খুতবার সময় সময় সন্ত্রাস ও জঙ্গী নিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ এবং মাদকের বিষয়ে আলোচনা অব্যাহত রাখতে হবে।<br><br>৮) জুম্মার নামাযের খুতবার সময় সময় সন্ত্রাস ও জঙ্গী নিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ এবং মাদকের বিষয়ে আলোচনা অব্যাহত রাখার নিমিত্ত বিষয়টি পর্যবেক্ষণের জন্য পৌরসভা ও ইউনিয়ন ভিত্তিক ট্যাগ অফিসার নিয়োগ দিতে হবে।<br><br>৯) প্রতিমাসে বিজিবি ও পুলিশের সাথে সমন্বয়ে মাদকের বিষয়ে টাস্কফোর্স অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৭) মেয়র, ফুলবাড়ী পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যান এবং ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, ফুলবাড়ী, দিনাজপুর।<br><br>৮) উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপু।<br><br>৯) অধিনায়ক, ২৯ বিজিবি ও অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা ফুলবাড়ী দিনাজপুর। |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক থাকলেও সার্বক্ষণিকভাবে সতর্কাবস্থায় থাকার জন্য পৌর মেয়র, ফুলবাড়ী পৌরসভা, সকল ইউপি চেয়ারম্যান, অফিসার ইনচার্জ, বিজিবিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। এছাড়াও সংশ্লিষ্ট সকল সদস্যগণকে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১০) আইন-শৃঙ্খলা পরিস্থিতির যাতে কোন রকম অবনতি না ঘটে সেজন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বত্র সজাগ দৃষ্টি রাখতে হবে। | ১০) অধিনায়ক, ২৯ বিজিবি ও অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর। |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯.০৯.২৩

(মীর মোঃ আল কামাহ্ তমাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
ফুলবাড়ী, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর
পোঃ কোঃ-৫২৬০
*www.fulbaridinajpur.gov.bd*

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৮৩.০০১.২৩-১৫১৮ (৪২)

তারিখ : ০৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

<u>সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। জনাব মোস্তাফিজুর রহমান, মাননীয় সংসদ সদস্য, ১০ দিনাজপুর-৫।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। অধিনায়ক, ২৯ বর্ডারগার্ড ব্যাটালিয়ন, ফুলবাড়ী, দিনাজপুর।
৪। পুলিশ সুপার, দিনাজপুর।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
৬। সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
৮। অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারী কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর।
৯। মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
১০। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।
১১। উপজেলা ....................................কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
১২। সহকারী পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, দিনাজপুর।
১৩। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, ......................................................ফুলবাড়ী, দিনাজপুর।
১৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফুলবাড়ী, দিনাজপুর। তাঁকে সভার কার্যবিবরণীটি এ অফিসের ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৫। চেয়ারম্যান, .................................................. (সকল) ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।
১৬। কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, ফুলবাড়ী, দিনাজপুর।
১৭। সভাপতি, ফুলবাড়ী প্রেসক্লাব/ফুলবাড়ী থানা প্রেসক্লাব/ফুলবাড়ী উপজেলা প্রেসক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর।
১৮। ........... ............................................................................ ফুলবাড়ী, দিনাজপুর।

১৯.০৯.২৩

উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট 'ক'

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষরিত |
|---|---|---|
| ১. | সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর। | |
| ২. | অধিনায়ক, ২৯ বিজিবি, ফুলবাড়ী, দিনাজপুর এঁর প্রতিনিধি। | " |
| ৩. | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৪. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৫. | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপর । | " |
| ৬. | কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৭. | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৮. | অধ্যক্ষ, শহীদ স্মৃতি আদর্শ ডিগ্রী কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর এঁর প্রতিনিধি। | " |
| ৯. | অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারী কলেজ,ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)। | " |
| ১০. | চেয়ারম্যান, ১ নং এলুয়াড়ী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১১. | চেয়ারম্যান, ৩ নং কাজিহাল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১২. | চেয়ারম্যান, ৩ নং কাজিহাল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৩. | চেয়ারম্যান, ৪ নং বেতদিঘী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৪. | চেয়ারম্যান, ৬ নং দৌলতপুর ইউপি, ফুলবাড়ী ,দিনাজপুর। | " |
| ১৫. | চেয়ারম্যান, ৭ নং শিবনগর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৭. | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৯. | সভাপতি/সম্পাদক, ফুলবাড়ী উপজেলা প্রেসক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর | " |
| ২০. | সভাপতি/সম্পাদক, ফুলবাড়ী প্রেস ক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর। | " |

অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) পরিশিষ্ট 'খ'

| ক্রঃ নং | নাম ও পদবী |
|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২. | প্রধান শিক্ষক, ফুলবাড়ী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩. | সভাপতি/সম্পাদক, উপজেলা সড়ক পরিবহণ মালিক সমিতি, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৪. | চেয়ারম্যান, ৫ নং খয়েরবাড়ী ইউপি, ফুলবাড়ী ,দিনাজপুর। |
| ৫. | জনাব মোছাঃ জয়তুন বেগম, সদস্য, ৩ নং কাজিহাল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৬. | সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, উপজেলা শাখা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ৭. | জনাব মোঃ মুশফিকুর রহমান বাবুল, সাধাঃ সম্পাঃ, বাংলাদেশ আওয়ামীলীগ, উপজেলা শাখা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ৮. | জনাব মোঃ আব্দুল মজিদ সরকার, কাঁটাবাড়ী, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৯. | সভাপতি, দুর্নীতি প্রতিরোধ কমিটি, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১০. | অধ্যক্ষ, ফুলবাড়ী মহিলা ডিগ্রী কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর এঁর প্রতিনিধি । |
| ১১. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)। |
| ১২. | জনাবা শ্যামলী রাণী, সদস্য, ১ নং এলুয়াড়ী ইউপি,ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১৩. | মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)। |
| ১৪. | চেয়ারম্যান, ২ নং আলাদীপুর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১৫. | অধ্যক্ষ, দারুস সুন্নাহ সিদ্দিকিয়া ফাযিল মাদ্রাসা, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি। |
| ১৬. | প্রধান শিক্ষক, ফুলবাড়ী জি. এম. পাইলট উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর । |
| ১৭. | প্রধান শিক্ষক, সুজাপুর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)। |
| ১৮. | সভাপতি, ফুলবাড়ী থানা প্রেস ক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ১৯. | এনএসআই, ফুলবাড়ী, দিনাজপুর। |